

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০০

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ যারা সক্ষমতা থাকা সত্তেও সৎ কাজের আদেশ করে না, অসৎ কাজে নিষেধ করে না, তারা আল্লাহর পক্ষ থেকে ব্যাপক শাস্তির উপযুক্ত হবে

ذِكْرُ اسْتِحْقَاقِ الْقَوْمِ الَّذِينَ لَا يَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَلَا يَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ عَنْ قُدْرَةٍ مِنْهُمْ عَلَيْهِ عُمُومَ الْعِقَابِ مِنَ اللَّهِ جَلَّ وَعَلَا

আরবী

أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ عَنْ أَبِيهِ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ جَرِيرٍ عَنْ أَبِيهِ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَنْ أَبِيهِ وَسَلَّمَ يَقُولُ: (مَا مِنْ قَوْمٍ يُعمل فِيهِمْ بِالْمَعَاصِي يَقْدِرُونَ أَنْ يُغَيِّرُوا عَلَيْهِمْ وَلَا يُغَيِّرُوا إِلَّا أَصَابَهُمُ اللَّهُ بِعِقَابِ قَبْلَ أَن يموتوا.)

الراوي: جَرِير | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 300 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

৩০০. জারীর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: "কোন সম্প্রদায়ের মাঝে যদি পাপ করা হয়, এবং তাদের তা প্রতিহত করার ক্ষমতা থাকা সত্তেও প্রতিহত না করে, তবে মৃত্যুর পূর্বেই মহান আল্লাহ তাদেরকে শাস্তিতে নিপতিত করবেন।"[1]

ফুটনোট

[1] তাবারানী: ২৩৮২; আবু দাউদ: ৪৩৩৯; মুসনাদ আহমাদ: ৪/৩৬৪; ইবনু মাজাহ: ৪০০৯; সুনান বাইহাকী: ১০/৯১।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩৩৫৩।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জারীর ইবনু আবদুল্লাহ আল বাজলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন